

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ অগ্রহায়ণ ১৪২১/১১ ডিসেম্বর ২০১৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৩.৩৮৮—বাংলাদেশ শিপিং কর্পোরেশনের নির্বাহী পরিচালক (প্রযুক্তি) ক্যাপ্টেন মঈন আহমেদ গত ২৭ নভেম্বর ২০১৪ তারিখে International Mobile Satellite Organization (IMSO)-এর মহাপরিচালক পদে নির্বাচিত হন। International Maritime Organization (IMO)-এর আওতায় প্রতিষ্ঠিত IMISO ১৯৭৭ সালে যাত্রা শুরু করে। IMISO মূলত স্যাটেলাইট যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে সমুদ্র পরিবহনের নিরাপত্তা, বিপদের পূর্বাভাস, বিপদ বা দুর্ঘটনা কবলিত সমুদ্র পরিবহনের সন্ধান ও উদ্ধার কাজের সমন্বয় করে। এছাড়া সংস্থাটি সামুদ্রিক নিরাপত্তা বিষয়ক তথ্য সম্প্রচার, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করে থাকে।

২। মহাপরিচালক পদের জন্য IMISO-এর ৯৯টি সদস্যদেশের মধ্যে বাংলাদেশ, জার্মানি, ফ্রান্স, ইটালি ও রোমানিয়া এ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে। চূড়ান্ত ভোটপর্বে বাংলাদেশের প্রতিনিধি ৪৯ ভোট এবং তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী রোমানিয়ার প্রতিনিধি ৩৭ ভোট পান। বাংলাদেশের প্রতিনিধি চার বছরের জন্য IMISO 'র মহাপরিচালক পদে নির্বাচিত হয়েছেন। এবারই প্রথম ইউরোপের বাইরের একজন প্রার্থী এই পদে নির্বাচিত হলেন।

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্ব, নৌ-পরিবহন মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের অক্লান্ত প্রচেষ্টা এবং বন্ধু-প্রতিম দেশসমূহের আন্তরিক সমর্থন ও সহযোগিতার ফলে বাংলাদেশের প্রার্থী এ নির্বাচনে বিজয়ী হতে পেরেছেন। গত ৫ জানুয়ারি ২০১৪ তারিখে অনুষ্ঠিত দশম জাতীয় সংসদের নির্বাচনের পর থেকে বাংলাদেশ এ যাবৎ IMISOসহ ১১টি আন্তর্জাতিক সংস্থার নির্বাচনে জয়লাভ করেছে।

(২০১৩৫)

মূল্য ৪ টাকা ৪.০০

৪। ১৯৯৩ সালে IMSO-এর সদস্যপদ প্রাপ্তির পর মহাপরিচালক পদে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে প্রথমবারের মত বাংলাদেশের একজন প্রার্থীর নির্বাচন জাতির জন্য একটি বিরল অর্জন। এ নির্বাচন আন্তর্জাতিক অজ্ঞানে বাংলাদেশের উজ্জ্বল ভাবমূর্তি এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশ্ব-সম্প্রদায়ের গভীর আস্থা ও শ্রদ্ধাবোধের প্রতিফলন। এ নির্বাচন আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মান আরও সমৃদ্ধ ও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় নৌ-পরিবহন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ক্যাপ্টেন মঈন আহমেদকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৪ অগ্রহায়ণ ১৪২১/০৮ ডিসেম্বর ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৫। IMSO-এর মহাপরিচালক পদে বাংলাদেশের প্রার্থী নির্বাচিত হওয়ায় নৌ-পরিবহন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ক্যাপ্টেন মঈন আহমেদকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৪ অগ্রহায়ণ ১৪২১/০৮ ডিসেম্বর ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা  
মন্ত্রিপরিষদ সচিব

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৪ অগ্রহায়ণ ১৪২১  
ঢাকা : ০৮ ডিসেম্বর ২০১৪

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের নির্বাহী পরিচালক (প্রযুক্তি) ক্যাপ্টেন মঈন আহমেদ গত ২৭ নভেম্বর ২০১৪ তারিখে International Mobile Satellite Organization (IMSO)-এর মহাপরিচালক পদে নির্বাচিত হন। International Maritime Organization (IMO)-এর আওতায় প্রতিষ্ঠিত IMSO ১৯৭৭ সালে যাত্রা শুরু করে। IMSO মূলত: স্যাটেলাইট যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে সমুদ্র পরিবহনের নিরাপত্তা, বিপদের পূর্বাভাস, বিপদ বা দুর্যোগ কবলিত সমুদ্র পরিবহনের সন্ধান ও উদ্ধার কাজের সমন্বয় করে। এছাড়া সংস্থাটি সামুদ্রিক নিরাপত্তা বিষয়ক তথ্য সম্প্রচার, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করে থাকে।

মহাপরিচালক পদের জন্য IMSO-এর ৯৯টি সদস্যদেশের মধ্যে বাংলাদেশ, জার্মানি, ফ্রান্স, ইটালি ও রোমানিয়া এ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে। চূড়ান্ত ভোটপর্বে বাংলাদেশের প্রতিনিধি ৪৯ ভোট এবং তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী রোমানিয়ার প্রতিনিধি ৩৭ ভোট পান। বাংলাদেশের প্রতিনিধি চার বছরের জন্য IMSO'র মহাপরিচালক পদে নির্বাচিত হয়েছেন। এবারই প্রথম ইউরোপের বাইরের একজন প্রার্থী এই পদে নির্বাচিত হলেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্ব, নৌ-পরিবহন মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের অক্লান্ত প্রচেষ্টা এবং বন্ধু-প্রতিম দেশসমূহের আন্তরিক সমর্থন ও সহযোগিতার ফলে বাংলাদেশের প্রার্থী এ নির্বাচনে বিজয়ী হতে পেরেছেন। গত ৫ জানুয়ারি ২০১৪ তারিখে অনুষ্ঠিত দশম জাতীয় সংসদের নির্বাচনের পর থেকে বাংলাদেশ এ যাবৎ IMSOসহ ১১টি আন্তর্জাতিক সংস্থার নির্বাচনে জয়লাভ করেছে।

১৯৯৩ সালে IMSO-এর সদস্যপদ প্রাপ্তির পর মহাপরিচালক পদে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে প্রথমবারের মত বাংলাদেশের একজন প্রার্থীর নির্বাচন জাতির জন্য একটি বিরল অর্জন। এ নির্বাচন আন্তর্জাতিক অঙ্গানে বাংলাদেশের উজ্জ্বল ভাবমূর্তি এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশ্ব-সম্প্রদায়ের গভীর আস্থা ও শ্রদ্ধাবোধের প্রতিফলন। এ নির্বাচন আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মান আরও সমুন্নত ও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা নৌ-পরিবহন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ক্যাপ্টেন মঈন আহমেদকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd